

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৯.২০১৭(খন্ড-১).৯৪

তারিখ : ১১.০৬.২০২০ খ্রি:

বিষয় : ভোলা জেলার চরফ্যাশন উপজেলার দুলারহাট আদর্শ কলেজের অধ্যক্ষ জনাব এ.কে এম শাহে আলম এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং প্রভাষক (সমাজ বিজ্ঞান) পদে নিয়োগ পরীক্ষায় প্রথম স্থান অর্জনকারী জনাব হাসনা হেনা এর বিষয়ে প্রতিবেদন প্রেরণ।

সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩১.২০১৯/৭৩১০, তারিখ: ২১.০১.২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন দুলারহাট আদর্শ কলেজে প্রভাষক (সমাজ বিজ্ঞান) পদে নিয়োগ পরীক্ষায় প্রথম স্থান অর্জনকারী জনাব হাসনা হেনা অভিযোগ করেন যে, বর্ণিত কলেজের অধ্যক্ষ তাঁকে বাদ দিয়ে পিছন থেকে একজনকে নিয়োগ প্রদানসহ এম.পি.ও. ভুক্ত করান। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে ২১.০৪.২০১৯ ও ০৫.১১.২০১৯ খ্রি: তারিখে নিয়োগ সংক্রান্ত সকল রেকর্ডপত্রের মূলকপি প্রদর্শনের জন্য পত্র দেয়া হলেও অধ্যক্ষ জনাব এ.কে এম শাহে আলম কোন কাগজপত্র প্রদর্শন করেন নাই।

২.০ এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

(ক) সরকারী নির্দেশনা পালন না করায় জনাব এ.কে এম শাহে আলম (অধ্যক্ষ) দুলারহাট আদর্শ কলেজ এর এম.পি.ও. সাময়িকভাবে স্থগিতকরণ এবং তার এম.পি.ও. কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না সে মর্মে তাকে কারণ দর্শানো এবং কারণ দর্শানোর জবাব প্রাপ্তির পর উক্ত জবাবের উপর মতামতসহ প্রতিবেদন প্রেরণ ;

(খ) প্রভাষক (সমাজ বিজ্ঞান) পদে নিয়োগ পরীক্ষায় প্রথম স্থান অর্জনকারী জনাব হাসনা হেনা এর নিয়োগ নীতিমালা অনুযায়ী প্যাটার্ণের শূন্যপদের বিপরীতে ছিল কিনা ; বিধি মোতাবেক তার নিয়োগ সঠিকভাবে হয়েছিল কিনা। সে বিষয়ে মতামতসহ প্রতিবেদন প্রেরণ।


১১/৬/২০২০
(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল: ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. জনাব এ.কে এম শাহে আলম (অধ্যক্ষ), দুলারহাট আদর্শ কলেজ, চরফ্যাশন, ভোলা।
৪. জনাব হাসনা হেনা, প্রভাষক (সমাজ বিজ্ঞান), দুলারহাট আদর্শ কলেজ, চরফ্যাশন, ভোলা।
৫. অফিস কপি।